



## কুয়েত-বাহরাইনে হামলা ছিল আত্মরক্ষার অংশ: আরাগচি



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালির কাছে একটি তেল ট্যাঙ্কারে মার্কিন হামলার পর কুয়েত ও বাহরাইনে থাকা মার্কিন সামরিক ঘাঁটিতে পাল্টা হামলার দাবি করেছে ইরান। দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেছেন, এসব হামলা ছিল ‘আত্মরক্ষামূলক পদক্ষেপ’।

বুধবার দেওয়া এক বক্তব্যে তিনি বলেন, যুক্তরাষ্ট্র মধ্যপ্রাচ্যে যেসব ঘাঁটি ব্যবহার করে উত্তেজনা বাড়াচ্ছে এবং যুদ্ধবিরতি লঙ্ঘন করছে, সেগুলোকেই লক্ষ্য করা হয়েছে।

সামাজিক যোগাযোগমাধ্যম এল্ডে দেওয়া পোস্টে আরাগচি সতর্ক করে বলেন, ইরানের বিরুদ্ধে যেকোনো আগ্রাসনের জবাব দ্রুত ও কঠোরভাবে দেওয়া হবে। একই সঙ্গে তিনি দাবি করেন, নিষেধাজ্ঞা বা সামরিক চাপ দিয়ে ইরানকে দমনো সম্ভব নয়।

ইরানের দাবি, খারগ দ্বীপের দিকে যাওয়া একটি তেলবাহী জাহাজে মার্কিন বাহিনী হামলা চালানোর পরই তারা কুয়েত, বাহরাইন ও হরমুজ প্রণালির আশপাশে ক্ষেপণাস্র ও ড্রোন হামলা চালায়। এতে ওয়াশিংটন ও তেহরানের চলমান উত্তেজনা আরও বেড়েছে।

সূত্র: সিএনএন